



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



স্মারক নং-বামাশিবো/প্রশাসন/সাতক্ষীরা-৪৮/২০১৫/৩৩

তারিখ ২৭.১১.২০১৯ খ্রি.

বিষয়: অনুমোদিত ম্যানেজিং কমিটি বাতিলকরণ প্রসঙ্গে

সূত্র: ১) নং- বামাশিবো/প্রশাসন/২২৫৯/৬/নথি নং সাতক্ষীরা-৪৮; তারিখঃ ২৪/০৩/২০১৯খ্রি.
২) নং- বামাশিবো/প্রশাসন/২২৭৫/৪/নথি নং সাতক্ষীরা-৪৮; তারিখঃ ০৩/০৬/২০১৯খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, জনাব জুলেখা খাতুন মহামান্য হাইকোর্ট বিভাগে বোর্ডের স্মারক নং- বামাশিবো /প্রশাসন /২২৩৯/৭/নথি নং- সাতক্ষীরা-৪৮; তারিখঃ ১৪.০১.২০১৯ এর বিরুদ্ধে রিট পিটিশন নং- ৯০৩/২০১৯ দায়ের করেন। মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক উল্লিখিত বিষয়টি নিষ্পত্তি করার জন্য নির্দেশ প্রদান করেন। মহামান্য হাইকোর্ট বিভাগের ১৬/০৭/২০১৮ খ্রি. তারিখের আদেশের প্রেক্ষিতে জনাব জুলেখা খাতুনসহ সকলকে পুনরায় শুনানীর জন্য সূত্রোক্ত ১ নং স্মারকে পত্র দেয়া হয়।

পত্রের প্রেক্ষিতে জনাব জুলেখা খাতুন, ম্যানেজিং কমিটির সভাপতি জনাব মোঃ অহিদুল ইসলাম ও মাদ্রাসার সুপার শুনানীতে অংশগ্রহণ করে যে সকল লিখিত ও মৌখিক বক্তব্য এবং কাগজপত্র দাখিল করেন, সেসকল বক্তব্য ও কাগজপত্রের আলোকে জনাব জুলেখা খাতুনকে সহকারী শিক্ষক (কম্পিউটার) পদে বিধি বহির্ভূতভাবে নিয়োগ ও তার জাল সনদ ধরা পড়ার পরও বিধি মোতাবেক বিভাগীয় ব্যবস্থা গ্রহণ না নিয়ে পুনরায় তাঁকেই পুনঃনিয়োগ প্রদান করায় অনুমোদিত ম্যানেজিং কমিটি কেন বাতিল করা হবে না মর্মে সূত্রোক্ত ২ নং স্মারকে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়।

উক্ত কারণ দর্শানোর প্রেক্ষিতে সুপার ও সভাপতি যে জবাব দাখিল করেছেন তা সন্তোষজনক নয় এবং ১৭/০৪/২০১৯ তারিখ শুনানীকালে প্রদত্ত লিখিত ও মৌখিক বক্তব্যের সঙ্গে সাংঘর্ষিক এবং ২ নং স্মারকে বর্ণিত বিষয় সম্পর্কে সুস্পষ্ট ব্যাখ্যা প্রদান করেন নাই। আরও উল্লেখ্য, জনাব জুলেখা খাতুন তাঁর লিখিত ও মৌখিক বক্তব্যেই নিবন্ধন সনদ জাল স্বীকার করেছেন। ম্যানেজিং কমিটির সভাপতি স্পষ্টভাবেই স্বীকার করেছেন যে, জাল জালিয়াতির বিষয়ে তিনি এবং কমিটি কোন ব্যবস্থা গ্রহণ করেননি। জুলেখা খাতুন নিয়োগ সংক্রান্ত রেজুলেশনে নিয়োগ প্রতিনিধি হিসেবে স্বাক্ষর করেছেন। একজন অবৈধ শিক্ষককে নিয়োগ প্রক্রিয়ার সাথে যুক্ত রাখা বিধি সম্মত হয়নি।

বর্ণিত অবস্থায় উপরোক্ত অনিয়মসমূহের কারণে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান- ৩৮(১) সুস্পষ্ট লংঘন ও কারণ দর্শানো নোটিশের জবাব সন্তোষজনক না হওয়ায় অত্র বোর্ড হতে নং- বামাশিবো/প্রশাসন/২২১১৮১১৮৭৩১/৮৩৮৭/নথি নং- ৪৮; তারিখঃ ৩০.০৪.২০১৮খ্রি. স্মারকে অনুমোদিত ম্যানেজিং কমিটি এতদ্বারা বাতিল করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

স্বাঃ

(মোঃ সিদ্দিকুর রহমান)

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ৯৬১২৮৫৮

- প্রাপকঃ ১) সভাপতি, কাজলা গরীবুল্লাহ বিশ্বাস দাখিল মাদ্রাসা, কালিগঞ্জ, সাতক্ষীরা;
২) সুপার, কাজলা গরীবুল্লাহ বিশ্বাস দাখিল মাদ্রাসা, কালিগঞ্জ, সাতক্ষীরা;
৩) কমিটির সদস্যবৃন্দ, কাজলা গরীবুল্লাহ বিশ্বাস দাখিল মাদ্রাসা, কালিগঞ্জ, সাতক্ষীরা।

স্মারক নং-বামাশিবো/প্রশাসন/সাতক্ষীরা-৪৮/২০১৫/৩৩

তারিখ ২৭.১১.২০১৯ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
২. জেলা প্রশাসক, সাতক্ষীরা;
৩. উপজেলা নির্বাহী অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা;
৪. জেলা শিক্ষা অফিসার, সাতক্ষীরা;
৫. পি ও টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৬. অফিস কপি।

(মোঃ ওমর ফারুক)

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ৯৬৭৪৮৭৪